

এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে বহিষ্কার ৯৬

যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের দ্বিতীয় দিনের পরীক্ষা সোমবার শান্তিপূর্ণ পরিবেশে শেষ হয়েছে। এদিন এইচএসসিতে বাংলা দ্বিতীয়পত্র, আলিমে ইংরেজি এবং কারিগরিতে দ্বাদশ শ্রেণীতে ইংরেজি-২ ও একাদশ শ্রেণীতে ইংরেজি-১ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। জানা গেছে, পরীক্ষা তুলনামূলক ভালো হয়েছে। প্রশ্নপত্রের ব্যাপারে শিক্ষার্থীরা তাদের সন্তুষ্টির কথা জানিয়েছেন। তবে দেশের বিভিন্ন স্থান থেকে, পরীক্ষার স্থলে শিক্ষকদের পক্ষ থেকে পরীক্ষার্থীদের প্রশ্নের উত্তর বলে দেয়ার অভিযোগ পাওয়া গেছে। বিশেষ করে ঢাকার ওলশ্যানের একটি বাণিজ্যিক কলেজ এবং ডেমরা এলাকার একই ব্যক্তির মালিকানাধীন দুই কলেজের শিক্ষার্থীদের যেসব কেঞ্জে আসন পড়েছে, সেসব কেঞ্জে ওই পরিবেশ বেশি ছিল। অভিযোগ পাওয়া গেছে, ওইসব কেঞ্জে চিরবুটের মাধ্যমে নকল ছড়ানো হয়ে থাকে। কিন্তু সবকিছু জেনেও ঢাকা বোর্ডের কর্তাব্যক্তির রহস্যজনক কারণে নীরব রয়েছেন।

এবারের এই পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থীসহ প্রায় পৌনে ১১ লাখ শিক্ষার্থী রয়েছে।